

## শিক্ষার্থীদের জন্য গুরুত্বপূর্ণ নির্দেশাবলী

১। বিশ্ববিদ্যালয়ের বিধি অনুযায়ী কোন শিক্ষার্থী ৩(তিন) দিনের বেশী কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অনুপস্থিত থাকতে পারবে না। কোন শিক্ষার্থী পর্যায়ক্রমে ১০(দশ) দিন অনুপস্থিত থাকলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় ও অন্যান্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করবে। অতএব সকল শিক্ষার্থীদের নিয়মিত ক্লাসে উপস্থিত থাকতে বিশেষভাবে অনুরোধ করা হলো।

২। বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থীদের শৃঙ্খলা ও নিরাপত্তার স্বার্থে ক্যাম্পাসে প্রবেশের সময় ও অবস্থানকালীন সময়ে আইডি কার্ড পরিধান করতে হবে। আইডি কার্ড ছাড়া ক্যাম্পাসে অবস্থান নিষিদ্ধ।

৩। অভিভাবক ও অতিথিবৃন্দকে ক্যাম্পাসে অবস্থানকালীন সময়ে ভিজিটর কার্ড ব্যবহার করতে হবে।

৪। ক্যাম্পাসে আগত অভিভাবক ও অতিথিবৃন্দকে সংশ্লিষ্ট শাখা/বিভাগ যথাসম্ভব দ্রুততার সাথে সহযোগীতা করে দায়িত্ব সম্পাদন করবে।

৫। ক্যাম্পাসে কারো গতিবিধি সন্দেহজনক হলে তাৎক্ষণিকভাবে তা ক্যাম্পাস কর্তৃপক্ষকে অবহিত করবে।

৬। শিক্ষার্থী ও বিশ্ববিদ্যালয়ের সাথে সংশ্লিষ্ট সকল সদস্যকে রাষ্ট্র ও সমাজবিরোধী কার্যকলাপ এবং যে কোন জঙ্গী তৎপরতার **ভিডিও, ছবি, লেখা ও মন্তব্যে লাইক, শেয়ার থেকে সম্পূর্ণ রূপে বিরত থাকতে হবে**। কোন শিক্ষার্থীর বিরুদ্ধে এ ধরনের সংশ্লিষ্টতার কোন তথ্য পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে তা কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

৭। দেশ ও জাতির বৃহত্তর স্বার্থে ও শিক্ষার্থীদের সার্বিক কল্যাণে লেখাপড়া ও দৈনন্দিন কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে শিক্ষার্থীদের দায়িত্বশীল ভূমিকা পালনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষ

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি